



তথ্যবিবরণী

নম্বর- ১৭৫

রাজশাহীতে আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপিত

রাজশাহী; ১২ মাঘ (২৬ জানুয়ারি):

আজ ২৬ জানুয়ারি (রবিবার) আন্তর্জাতিক কাস্টমস দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'কাস্টমস সেবায় প্রতিশ্রুতি, দক্ষতা নিরাপত্তা প্রগতি'। এ প্রতিপাদ্যকে সামনে রেখে রাজশাহী জেলা পরিষদ মিলনায়তনে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এক সেমিনার ও আলোচনা সভার আয়োজন করে। আলোচনা সভার পূর্বে বেলুন ও ফেস্টুন উড়িয়ে প্রধান অতিথি হিসেবে দিবসটির উদ্বোধন করেন কর অঞ্চল রাজশাহীর কর কমিশনার মো. আবু সাইদ সোহেল।

প্রধান অতিথির বক্তব্যে আবু সাইদ সোহেল বলেন, দক্ষতা বলতে কাস্টমসের নিজস্ব সক্ষমতা অর্থাৎ নিজস্ব দক্ষতা বৃদ্ধি এবং অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করা। একটা দেশের নিরাপত্তার ক্ষেত্রে কাস্টমস বিরাট ভূমিকা রাখতে পারে। আমাদের দেশের জন্য মানিলন্ডারিং একটা বড় সমস্যা। এই বিষয়টি আমাদের নাগালের বাইরে। বিগত পনের বছরে আমদানি রপ্তানির ব্যানারে দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার হয়ে গেছে। এটা আমাদের সবার ব্যর্থতা। আমাদের এখন প্রয়াস হচ্ছে এই সিস্টেমটাকে কীভাবে আরও আধুনিকায়ন করা যায়।

কর কমিশনার বলেন, আগামী দিনের কাস্টমস হবে ফেইসলেস, পেপারলেস। মানুষ খুব সহজেই যাতে শুক্কায়ন করতে পারে, সেই বিষয়টার দিকে সবচেয়ে বেশি নজর রাখতে হবে। আমরা যদি বুঝতে না পারি কীভাবে দেশ থেকে টাকা পাচার হয়ে যাচ্ছে, কীভাবে মানিলন্ডারিং হচ্ছে তাহলে টাকা পাচার কোনোভাবেই বন্ধ করতে পারবো না। দেশের অর্থনীতি ক্রমশ দুর্বল হয়ে যাবে। তাই মানিলন্ডারিং বন্ধে সজাগ থাকতে হবে।

চাঁপাইনবাবগঞ্জ স্থলবন্দরের আধুনিকায়নের কথা উল্লেখ করে প্রধান অতিথি বলেন, চাঁপাইনবাবগঞ্জে এক্সপোর্ট-ইমপোর্টের ব্যাপকতার জন্য অচিরেই সোনামসজিদ স্থলবন্দর আধুনিক কাস্টমস ভবন নির্মাণের পাশাপাশি অবকাঠামোগত উন্নয়ন জোরদার করা হবে। প্রত্যেকের অবস্থান থেকে এই স্থল বন্দরকে আধুনিকায়ন করার জন্য জোর প্রচেষ্টা চালানোর তাগিদ দেন তিনি।

আধুনিক এক্সপোর্ট-ইমপোর্টে আন্তর্জাতিক নীতি অবলম্বন করে প্রতি বছরের রিটার্নের কপি দাখিলের জন্য ব্যবসায়ীদের কাছে আহ্বান জানান তিনি।

রাজশাহী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর কমিশনার মো. আবদুল হাকিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি মাসুদুর রহমান রিংকু, চাঁপাইনবাবগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আব্দুল ওয়াহেদ, সোনামসজিদ আমদানি ও রপ্তানিকারক গ্রুপের সভাপতি মো. সাহাবুদ্দীন। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রাজশাহী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট এর অতিরিক্ত কমিশনার মোহাম্মদ মাহবুব হাসান, যুগ্ম কমিশনার মো. শাফায়েত হোসেন, নূর-উদ্দিন মিলন, তাহমিনা আক্তার পলিসহ ব্যবসায়ী নেতৃবৃন্দ, সুধীজন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/২০২৫/১৯.০০ ঘ.